

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৯. ২৫.০২১.২৪-২৩৬

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২  
৩১ মার্চ ২০২৬


নিয়োগ পত্র

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ মোতাবেক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে তা বাস্তবায়নের লক্ষ্যে ইন্টার্নশিপ চূড়ান্ত বাছাইয়ে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১-৪-২০২৬ হতে ৩০-৬-২০২৬ পর্যন্ত (তিন) মাসের জন্য নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা ও বিশ্ববিদ্যালয়
১।	মিজ ফাইরীন জাহান পিতা: নবী গোলাম চাঁদপুর সদর, চাঁদপুর	B.Sc. Hons (Fisheries) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়
২।	মিজ রাহনুমা শরীফ তানহা পিতা: মোঃ শরীফ মিজানুর রহমান লালবাগ, ঢাকা	B.Sc. in (Fisheries) শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
৩।	মিজ সুমাইয়া আক্তার পিতা: মোঃ গোলাম সারওয়ার সাভার, ঢাকা	Bachelor of Science in Veterinary Science and Animal Husbandry শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
৪।	জনাব মোঃ তানভীর আহমেদ পিতা: মোঃ শামসুল আলম দিনাজপুর সদর, দিনাজপুর	Bachelor of Science in Veterinary Science and Animal Husbandry খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

নিয়োগের শর্তাবলি:

- ১। (ক) ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতিত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না; L  
(খ) ভাতা প্রাপ্তির প্রাক্কালে প্রতিমাসে ইন্টার্নকে তার সম্ভাষণকর্ম কর্মকালের বিষয়ে সুপারভাইজারের নিকট হতে প্রত্যয়ন সংগ্রহ করতে হবে;  
(গ) ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে কর্মে নিযুক্ত রয়েছে মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রাপ্য হবে না; সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নশিপ প্রদানকারী প্রতিষ্ঠান হতে সনদ প্রাপ্য হইবে;  
(ঘ) ইন্টার্নশিপ সম্পন্ন করা কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অপ্রাধিকার হিসাবে গণ্য হবে না;  
(ঙ) নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন-কানুন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে;  
(চ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ২। (ক) ইন্টার্নশিপে যোগদানের সময় অন্যান্য কাগজপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র জমা করতে হবে।
  - (i) সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান হতে তার মৌলিক যোগ্যতা ও অন্যান্য গুণাবলির বর্ণনা-সংবলিত প্রত্যয়ন;
  - (ii) স্নাতক/ স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণের সনদ, অথবা উক্তরূপ পরীক্ষাসমূহে অবতীর্ণ হওয়ার প্রত্যয়ন (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক) পত্রের কপি;
  - (iii) জাতীয় পরিচয়পত্রের কপি; এবং
  - (iv) অন্য কোনো কাজে নিয়োজিত থাকলে প্রয়োজনীয় অনাপত্তি সনদ।(খ) কর্মে যোগদানের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজন মনে করলে ইন্টার্নের পুলিশ ভেরিফিকেশন করাতে পারবে।

(চলমান পাতা/২)  


- ৩। (ক) নিম্নবর্ণিত যেকোনো কারণে একজন ইন্টার্নের ইন্টার্নশিপ বাতিল/অবসান হতে পারে।
- কাজের মান সন্তোষজনক না হলে;
  - আচরণ সরকারি সেবা প্রদানের প্রচলিত রীতির সহিত সামঞ্জস্যপূর্ণ না হলে;
  - রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ততা পাওয়া গেলে;
  - দেশে প্রচলিত আইনের দ্বারা নির্ধারিত কোনো অপরাধমূলক কার্যক্রমের সাথে যুক্ত থাকলে;
  - পূর্বানুমতি ব্যতিরেকে কাজে অনুপস্থিত থাকলে;
  - কর্তৃপক্ষের কোনো আইনসম্মত দাপ্তরিক আদেশ অমান্য করলে।
- (খ) একজন ইন্টার্ন নিজ দায়িত্ব হতে অব্যাহতি চেয়ে সুপারভাইজারের মাধ্যমে ইন্টার্নশিপ প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর ইন্টার্নশিপ হতে অব্যাহতির জন্য আবেদন করতে পারবে।
- (গ) ইন্টার্নশিপ প্রদানকারী কর্তৃপক্ষ ইন্টার্নশিপ চলাকালীন যে-কোনো সময় উপরে বর্ণিত কারণে অথবা অন্য যেকোনো যথাযথ কারণ উল্লেখপূর্বক অথবা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ইন্টার্নশিপ বাতিলের অধিকার সংরক্ষণ করে।
- ৪। উল্লিখিত শর্তাবলির আওতায় ইন্টার্নশিপে যোগদানে সম্মত হলে আগামী ০১/০৪/২০২৬ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ডবন নং-৬, কক্ষ নং-৫১০) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

(স্বাক্ষরিত

৩১/০৩/২০২৬)

(মোঃ নবীরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৫১০০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৯. ২৫.০২১.২৪-২৩৬

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২  
৩১ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অনুবিভাগ প্রধান (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। মহাপরিচালক (সকল), দপ্তর/সংস্থ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ৪। উপসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। জনাব/মিঃ ..... (নিয়োগ প্রার্থী);
- ৮। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ নবীরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব

১